# চুয়েট, কুয়েট ও রুয়েট এর স্নাতক ১ম বর্ষ/লেভেল-১ (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
## সমন্বিত ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

**১। বিশ্ববিদ্যালয়সমূহের নাম ও আসন সংখ্যা :**

| ক্রমিক নং | বিশ্ববিদ্যালয়ের নাম | আসন সংখ্যা | সংরক্ষিত আসন সংখ্যা | মোট আসন সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (চুয়েট) | ৮৯০ | ১১ | ৯০১ |
| ২. | খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) | ১০৬০ | ০৫ | ১০৬৫ |
| ৩. | রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) | ১২৩০ | ০৫ | ১২৩৫ |
| | **সর্বমোট** | ৩১৮০ | ২১ | ৩২০১ |

- বিভাগ ওয়ারী বিস্তারিত আসন সংখ্যা ভর্তির নির্দেশিকা হতে জানা যাবে।

**২। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের যোগ্যতা :**

(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) প্রার্থীকে ২০২০ইং সালে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০১৯ইং সালের সেপ্টেম্বর থেকে ২০২০ইং সালের আগস্ট এর মধ্যে GCE 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

(গ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উত্তীর্ণ শিক্ষার্থীকে ২০১৭ইং অথবা ২০১৮ইং সালের মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হতে হবে।

(ঘ) বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীকে গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে গ্রেড পয়েন্ট ৫.০০ পেতে হবে অর্থাৎ গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে মোট গ্রেড পয়েন্ট ২০.০০ পেতে হবে। ইংরেজী ভার্সন/বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে গ্রেড পয়েন্ট ৪.০০ পেতে হবে।

(ঙ) প্রার্থী GCE 'O' এবং GCE 'A' লেভেল পাশ করে থাকলে, তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য GCE 'O' লেভেল পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে আলাদাভাবে 'A' গ্রেড পেতে হবে। এছাড়া বায়োমেডিকেল ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে হলে সংশ্লিষ্ট প্রার্থীকে GCE 'A' লেভেল পরীক্ষায় জীববিজ্ঞানে কমপক্ষে 'B' গ্রেড পেতে হবে।

(চ) প্রার্থীকে কমপক্ষে ১২ শিক্ষাবর্ষ অধ্যয়নকাল থাকা সাপেক্ষে বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে ২০২০ইং সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের প্রত্যেকটিতে আলাদাভাবে কমপক্ষে ৮০% বা সমমানের গ্রেড পেতে হবে। প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় গড়ে কমপক্ষে ৭০% বা সমমানের গ্রেড পেতে হবে।

(ছ) যোগ্য আবেদনকারীর মধ্য হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং ইংরেজী বিষয়ের মোট প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রথম ৩০,০০০ (ত্রিশ হাজার) প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

(জ) ন্যূনতম যোগ্যতা পূরণ সাপেক্ষে GCE 'O' লেভেল ও GCE 'A' লেভেল এবং সংরক্ষিত আসনের জন্য সকল আবেদনকারী ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে।

**৩। আবেদন করার পদ্ধতি :**

চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রদত্ত নির্দেশনা মোতাবেক আবেদন ফরম পূরণ ও নিম্নবর্ণিত ছক অনুযায়ী ভর্তি পরীক্ষার ফি প্রদান করে অনলাইনে Submit করতে হবে।

| গ্রুপ | বিভাগ | ভর্তি পরীক্ষা বাবদ প্রদেয় ফি (সার্ভিস চার্জ সহ) |
|---|---|---|
| 'ক' | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ | ৯০০/- (নয়শত) টাকা |
| 'খ' | ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ | ১০০০/- (এক হাজার) টাকা |

**৪। ভর্তি পরীক্ষার সাথে সংশ্লিষ্ট তারিখ সমূহ :**

<table>
<tr><td>(ক) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শুরু</td><td colspan="3">২৪ এপ্রিল ২০২১ইং সকাল ০৯:০০ টা থেকে</td></tr>
<tr><td>(খ) অনলাইনে আবেদনপত্র গ্রহণ শেষ</td><td colspan="3">৮ মে ২০২১ইং বিকাল ০৫:০০ টা পর্যন্ত</td></tr>
<tr><td>(গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্র সহ নামের তালিকা প্রকাশ</td><td colspan="3">২ জুন ২০২১ইং</td></tr>
<tr><td rowspan="3">(ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময়<br>(গ্রুপ 'ক' এবং গ্রুপ 'খ' এর জন্য গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও ইংরেজী বিষয়ের উপর Multiple Choice Question (MCQ) পদ্ধতিতে এবং গ্রুপ 'খ' এর স্থাপত্য বিভাগের জন্য মুক্তহস্ত অংকন পরীক্ষা অনুষ্ঠিত হবে।)</td><td>গ্রুপ</td><td>মোট নম্বর</td><td>তারিখ ও সময়</td></tr>
<tr><td>'ক'</td><td>৫০০</td><td>১২ জুন ২০২১ ইং (শনিবার)<br>সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:৩০ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td>'খ'</td><td>৭০০</td><td>১২ জুন ২০২১ ইং (শনিবার)<br>সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১:৪৫ ঘটিকা পর্যন্ত</td></tr>
<tr><td>(ঙ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মেধাস্থান অনুযায়ী মেধাতালিকা প্রকাশ, বিশ্ববিদ্যালয় ও বিভাগ পছন্দ প্রদানের নির্দেশনা, ভর্তির নিয়মাবলী ও ভর্তির তারিখ প্রকাশ</td><td colspan="3">৩০ জুন ২০২১ইং</td></tr>
<tr><td colspan="4">(চ) ভর্তির তারিখ, ওরিয়েন্টেশন, ক্লাশ শুরুর তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য বিজ্ঞপ্তি প্রত্যেক বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, নিজস্ব ওয়েবসাইট এবং সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) জানানো হবে। এর জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি বা ব্যক্তিগত চিঠি দেয়া হবে না।</td></tr>
</table>

**বিশেষ দ্রষ্টব্য :**

- ৮ মে ২০২১ইং, শনিবার বিকাল ৫.০০ টায় অনলাইনে আবেদন প্রক্রিয়া বন্ধ হয়ে যাবে। এরপর অনলাইনে আর কোন আবেদনপত্র Submit করা যাবে না।
- MCQ পরীক্ষায় ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে সংশ্লিষ্ট প্রশ্নসমূহের জন্য বরাদ্দ নম্বরের ২৫% কাটা হবে।
- OMR Sheet এ শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলমের মাধ্যমে বৃত্ত ভরাট করা যাবে। বৃত্ত ভরাটের জন্য পেন্সিল, জেল পেন বা ফাউন্টেন পেন ব্যবহার করা যাবে না। মুক্তহস্ত অংকনের জন্য পেন্সিল ব্যবহার করা যেতে পারে।
- বিদ্যমান কোভিড-১৯ পরিস্থিতির প্রেক্ষিতে ৪নং অনুচ্ছেদের ছকে বর্ণিত তারিখ ও সময়সূচীর পরিবর্তন হতে পারে। এ বিষয়ে সংশোধনী অথবা প্রয়োজনীয় তথ্যাদি সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) প্রকাশ করা হবে।

**ভর্তি পরীক্ষার যাবতীয় তথ্যাবলী :**

সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (https://admissionckruet.ac.bd) ভর্তি বিজ্ঞপ্তি, ভর্তি নির্দেশিকা এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলী পাওয়া যাবে।

**(অধ্যাপক ড. মোঃ রবিউল আলম)**
**সভাপতি**
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা

**(অধ্যাপক ড. মোঃ মইনুল ইসলাম)**
**সদস্য-সচিব**
কেন্দ্রীয় ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ: ২০২০-২১)
চুয়েট, কুয়েট ও রুয়েট এর সমন্বিত ভর্তি পরীক্ষা